DESCO
POWER IS YOURS

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯, ফোন: +৮৮-০২৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স: +৮৮-০২৮৯০০১০০
E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৫.১৮.০০২.২১.৫৬৩ তারিখঃ চৈত্র ১০, ১৪২৭ / মার্চ ২৪, ২০২১

# অফিস আদেশ

সূত্রঃ স্মারক নং-২৭.০০.০০০০.০৪১.৯৯.০০৩-১৯ (অংশ-১).২২৪, তারিখঃ ২২ মার্চ ২০২১।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১০ মার্চ ২০২১ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিতে ২৬শে মার্চ ২০২১ তারিখে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের নিমিত্ত বিদ্যুৎ বিভাগের কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ বিভাগের গৃহীত কর্মসূচির আলোকে বর্ণাঢ্য আয়োজন ও যথাযোগ্য মর্যাদায় ২৬শে মার্চ ২০২১ তারিখে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপনের জন্য ডেসকো কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

| ক্রম | বিষয় | তারিখ ও সময় | সিদ্ধান্ত/কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | ২৫শে মার্চ রাতে ১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাকআউট | ২৫/০৩/২০২১ তারিখ রাত ০৯:০০ টা থেকে ০৯:০১ মিনিট পর্যন্ত | জাতীয় কর্মসূচির আওতায় ডেসকো এলাকায় উল্লিখিত সময়ে ১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাকআউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) করা হবে। অপারেশন বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | অপারেশন বিভাগ |
| ২ | জাতীয় পতাকা উত্তোলন | ২৬/০৩/২০২১ | ক) ২৬শে মার্চ প্রত্যুষে ডেসকো'র প্রধান কার্যালয় ও অন্যান্য বিভাগ/দপ্তরসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। পতাকা উত্তোলনের ক্ষেত্রে জাতীয় পতাকা বিধিমালার আলোকে কাপড়ের মান, মাপ ও যথাযথ রঙ নিশ্চিত করতে হবে।<br>খ) ২৬শে মার্চ প্রত্যুষে প্রধান কার্যালয়ের ছাদে বৃহদাকার জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | ▪ প্রশাসন বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি<br>▪ সকল বিক্রয় ও বিতরণ বিভাগ ও দপ্তর প্রধান |
| ৩ | ডেসকো'র সকল গ্রন্থাগার ও মুজিব কর্নারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই সরবরাহ | -- | মুজিববর্ষ উপলক্ষে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে মুজিব কর্নার স্থাপন করা হয়েছে। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই সংগ্রহ করে ইতোমধ্যে স্থাপিত মুজিব কর্নারসমূহে সরবরাহ করা হয়েছে। এছাড়া মুজিববর্ষ উপলক্ষে ডেসকো কর্তৃক বিদ্যুৎ সাশ্রয় ও নিরাপদ বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত ১টি শিশুতোষ বই এবং বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত ডেসকো'র কর্মকর্তা ও কর্মচারীগণের লেখা কবিতা ও প্রবন্ধ নিয়ে "হৃদয়ে বঙ্গবন্ধু" শীর্ষক ১টি সংকলন প্রকাশ করা হয়েছে। শীঘ্রই মোড়ক উন্মোচনপূর্বক বই দু'টি বিতরণ করা হবে। | ▪ মুজিববর্ষ উপলক্ষে গঠিত প্রচার, প্রকাশনা ও সেমিনার আয়োজন উপকমিটি<br>▪ প্রশাসন বিভাগ |
| ৪ | ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন | ২৬ মার্চ ২০২১ এর পূর্বে | ডেসকো'র ওয়েবসাইটে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে "সুবর্ণজয়ন্তী কর্নার" স্থাপন ও নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | আইসিটি বিভাগ |
| ৫ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | ১৭ মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ ২০২১ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত ১০ দিন ব্যাপী জাতীয় অনুষ্ঠানে ডেসকো এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রশাসন বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হবে। অপারেশন বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ▪ অপারেশন বিভাগ |

চলমান পাতা-২

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৫.১৮.০০২.২১.৫৩৬ তারিখঃ চৈত্র ১০, ১৪২৭ / মার্চ ২৪, ২০২১

| ক্রম | বিষয় | তারিখ ও সময় | সিদ্ধান্ত/কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|
| ৬ | জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলোকসজ্জাকরণ | ১৭ মার্চ থেকে ২৬ মার্চ ২০২১ (২৫ মার্চ ব্যতীত) | জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির আওতায় ইতোমধ্যে ১৭ মার্চ থেকে ২৬শে মার্চ পর্যন্ত (২৫শে মার্চ ব্যতীত) ডেসকো'র প্রধান কার্যালসহ সকল বিভাগ/কার্যালয়ে ১০ দিনব্যাপী আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ২৫শে মার্চ রাতে আলোকসজ্জা বন্ধ রাখা এবং ২৬শে মার্চ সন্ধ্যার পর আলোকসজ্জা চালু রাখার বিষয়টি সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ নিশ্চিত করবেন। |
| ৭ | সংবাদপত্রে ব্যানার বিজ্ঞাপন/পোস্টার প্রচার | ২৬ মার্চ ২০২১ | স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ২৬শে মার্চ ২০২১ তারিখে জাতীয় ও স্থানীয় পত্রিকায় ডেসকো'র ব্যানার বিজ্ঞাপন/পোস্টার প্রচার করা হবে। | প্রশাসন বিভাগ |
| ৮ | সকল দপ্তরে দোয়া মাহফিলের আয়োজন | ২৬ মার্চ ২০২১ | ডেসকো'র সকল বিক্রয় ও বিতরণ বিভাগের মসজিদ/নামাজের স্থানে ২৬শে মার্চ স্বাস্থ্য বিধি অনুসরণ করে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল বিক্রয় ও বিতরণ বিভাগ) |
| ৯ | প্রধান কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন | ২৬ মার্চ ২০২১ (প্রত্যুষ হতে বেলা ১০:০০ ঘটিকা) | ২৬শে মার্চ ২০২১ তারিখে প্রত্যুষে প্রধান কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলনের পর সকাল ৮:০০ ঘটিকায় প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগে স্বাধীনতার সুর্বণ জয়ন্তী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | ▪ প্রশাসন বিভাগ<br>▪ সংশ্লিষ্ট কমিটিসমূহ |

উল্লিখিত কর্মসূচী বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগীয় প্রধানকে অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

24.03.2021

**(এস.এম. জামিল হসাইন)**
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। নির্বাহী পরিচালক (এইচআর/ অর্থ ও হিসাব/সংগ্রহ/অপারেশন/ইঞ্জিনিয়ারিং)।

২। প্রধান প্রকৌশলী (ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন/ওয়েস্ট জোন)/ পিএমপিএন্ডএসএম)/আইসিটি/ মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ প্রকল্প পরিচালক (স্ক্যাডা)।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/এমপি এন্ড এস/ডি এন্ড এমডব্লিউ/আইসিটি/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন ১/ইস্ট জোন ২/ ওয়েস্ট জোন ১/ওয়েস্ট জোন ২)/ পিআই এন্ড টি/ জিএসপি এন্ড ইএ/এমভিএসএসএম/ প্রকল্প পরিচালক (গ্রীড/বিতরণ/ ভূ-গর্ভস্থ গ্রিড উপকেন্দ্র নির্মাণ)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম/অর্থ/হিসাব/ইন্টারনাল অডিট)।

৪। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/কাফরুল/মনিপুর/আগারগাঁও/রূপনগর/শাহআলী/গুলশান/ জোয়ারসাহারা/ বারিধারা/বাড্ডা/ উত্তরা(পূর্ব)/উত্তরা(পশ্চিম)/টঙ্গী(পূর্ব)/টঙ্গী(পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান)/এলএন্ডজিএস/মনিটরিং সেল/সেন্ট্রাল স্টোর/ মিটার ওয়ার্কশপ/ টেস্টিং এন্ড রিপেয়ারিং/ স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল অ্যাফেয়ার্স/ সাবস্টোর/নিরাপত্তা)/ প্রকল্প পরিচালক (ইউজি ক্যাবল)।

৫। অফিস কপি।